# KUET Bulletin

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় বুলেটিন

১৩তম বর্ষ, ২য় সংখ্যা, জুলাই-ডিসেম্বর, ২০২০


# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস ২০২০ উদ্‌যাপিত




*খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দিবস ২০২০ এর শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

বিভিন্ন অনুষ্ঠানের মধ্যদিয়ে ০১ সেপ্টেম্বর, ২০২০ মঙ্গলবার খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) দিবস পালিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এবং সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয় দিবস ২০২০ উদ্‌যাপন কমিটির সভাপতি ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম। দিনটিকে স্মরণীয় করে রাখতে বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রতিবছর জাঁকজমকপূর্ণভাবে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করলেও করোনা মহামারীর বর্তমান পরিস্থিতিতে এবছর সংক্ষিপ্ত আয়োজন গ্রহণ করা হয়। সকাল সাড়ে ৯টায় জাতীয় সঙ্গীতের সঙ্গে সঙ্গে উত্তোলন করা হয় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা। পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথি বেলুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের শুভ উদ্বোধন করেন। এরপর সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার সংলগ্ন লেকের পাড়ে বৃক্ষরোপন, সাড়ে ১০টায় লেকে মাছের পোনা অবমুক্তকরণ, ১১টায় কুয়েটের অর্জনঃ অতীত, বর্তমান ও ভবিষ্যত-প্রেজেন্টেশন (অনলাইনে), সাড়ে ১১টায় আলোচনা সভা (অনলাইনে) ও বাদ আছর কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেন, “এ প্রতিষ্ঠানের গ্রাজুয়েটেরা সুনাম ও দক্ষতার সাথে দেশে এবং দেশের বাইরে কাজ করে চলেছেন। বিষয়টি আমাদের গর্বিত করে”। কুয়েট ভাইস-চ্যান্সেলর বিশ্ববিদ্যালয়ের উন্নয়নে ৮৩৮ কোটি টাকার মেগা প্রকল্প প্রদানের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করে বলেন, এ প্রকল্প বাস্তবায়িত হলে বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, শিক্ষার্থীসহ সকলের সুযোগ সুবিধা অনেক বৃদ্ধি পাবে। বিশ্ববিদ্যালয় দিবস ২০২০ উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ এবং মূখ্য আলোচক হিসেবে আলোচনায় অংশগ্রহন করেন পরিচালক, আইআইসিটি প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন আইইপিটি এর পরিচালক প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. এম এম এ হাসেম, পরিচালক (গবেষনা ও সম্প্রসারণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ নূরুন্নবী মোল্লা, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সরোয়ার, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহীউদ্দিন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, এ প্রতিষ্ঠানের প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে মার্কজ বিল্ডার্স এর চেয়ারম্যান প্রকৌশলী সৈয়দ মাহাবুবুর রহমান, পিডিবি'র সাবেক চেয়ারম্যান প্রকৌশলী কে এম হাসান, ডিপিডিসি এর বোর্ড ডিরেক্টর প্রকৌশলী মোঃ আবুল হোসেন, পিডিবি'র সাবেক এসই প্রকৌশলী খান মঞ্জুর মোর্শেদ, কনটেক ভিশন লিঃ এর ম্যানেজিং ডাইরেক্টর প্রকৌশলী মোঃ শাহাদাত হোসেন (শিবলু), এসবিএসি ব্যাংক লিঃ এর এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট প্রকৌশলী সালাউদ্দীন আহমেদ, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি মোঃ নূরুজ্জামান, সাধারণ সম্পাদক সেখ আক্কাস আলী, কর্মকতা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি এম মনিরুজ্জামান। উল্লেখ্য, ১৯৬৭ সালে খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে প্রতিষ্ঠিত হয়ে ১৯৬৮ সালে ভিত্তি প্রস্তর স্থাপন এবং ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিশেষ নির্দেশনায় একাডেমিক কার্যক্রম শুরু হয়ে ১৯৮৬ সালে এ প্রতিষ্ঠানটি বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজী (বিআইটি), খুলনায় পরিণত হয় এবং ২০০৩ সালের ০১ সেপ্টেম্বর খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হয়।

## কুয়েটে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

(শেষ পৃষ্ঠার পর) ভাইস-চ্যান্সেলর মহোদয়ের বাসভবন এবং আবাসিক হলসমূহে জাতীয় পতাকা (অর্ধনমিত) এবং কালো পতাকা উত্তোলন করা হয়। সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দের অংশগ্রহণে শোক-র‌্যালি অনুষ্ঠিত হয়। শোক-র‌্যালিতে নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। র‌্যালী শেষে সকাল সাড়ে ১১ টায় শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহনে আলোচনা সভায় (অনলাইনে) প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, রেজিস্ট্রার জি. এম. শহিদুল আলম। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন পরিচালক, আইআইসিটি প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সরোয়ার, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহীউদ্দিন, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক সেখ আক্কাস আলী, কর্মকতা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি এম মনিরুজ্জামান এবং কর্মচারী সমিতির (৩য় শ্রেণি) সভাপতি মোঃ মামুনুর রশীদ জুয়েল। দিবসটি পালন উপলক্ষে বাদ আসর কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান এবং সন্ধ্যা সাড়ে ৬ টায় নাটক (অনলাইনে) প্রদর্শিত হয়।

## স্মার্টফোন ক্রয়ের জন্য কুয়েট শিক্ষার্থীদের সুদমুক্ত ঋণ এবং বিনামূল্যে ইন্টারনেট ডাটাপ্যাক প্রদান

বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর স্নাতক কোর্সে অধ্যয়নরত অস্বচ্ছল শিক্ষার্থীদের অনলাইন ক্লাসে অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে স্মার্টফোন ক্রয়ের জন্য বিনাসুদে ঋণ প্রদান এবং বিনামূল্যে ইন্টারনেট ডাটাপ্যাক প্রদান করা হয়েছে। শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ৪৪তম জরুরী সভার সুপারিশক্রমে সিন্ডিকেটের ৭০তম সভার অনুমোদনক্রমে বিভিন্ন বিভাগের ১০৫ জন শিক্ষার্থীর প্রত্যেকের ব্যাংক একাউন্টে =১০,০০০.০০ (দশ হাজার) টাকার প্রদান করা হয়। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের অস্বচ্ছল ৪৫০ জন শিক্ষার্থীকে বিনামূলে (জিপি-১৫ জিবি) ইন্টারনেট ডাটাপ্যাক প্রদান করা হয়েছে। এ বিষয়ে ০১ অক্টোবর বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেন, "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনায় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সহযোগিতায় শিক্ষার্থীদের শিক্ষা কর্যক্রম পরিচালনার জন্য অস্বচ্ছল শিক্ষার্থীদের মধ্যে বিনাসুদে ঋণ এবং বিনামূল্যে ইন্টারনেট ডাটা প্রদান করা সম্ভব হয়েছে। এতে শিক্ষার্থীরা নির্বিঘ্নে অনলাইন ক্লাসে অংশ নিতে পারবে"।

## কুয়েটে প্রকল্প পরিচালকের জন্য নতুন গাড়ি উদ্বোধন

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) মেগা প্রকল্প "খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের জন্য ক্রয়কৃত গাড়ি উদ্বোধন করা হয়েছে। ২৬ জুলাই, রবিবার সকাল সাড়ে ১১টায় ডিজিটাল পদ্ধতিতে এ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এ সময় তিঁনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, "সকলের সম্মিলিত প্রচেষ্টায় বিশ্ববিদ্যালয়ের মেগা প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়িত হবে"। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহীউদ্দিন, যানবাহন কমিটির সভাপতি প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, "খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, রেজিস্ট্রার, প্রধান প্রকৌশলীসহ অন্যান্য শিক্ষক, কর্মকর্তা সংযুক্ত ছিলেন।

### কুয়েট এর অফিসার্স এসোসিয়েশনের বার্ষিক নির্বাচন-২০২১ অনুষ্ঠিত

## এরশাদ সভাপতি ও রুহুল সাধারণ সম্পাদক নির্বাচিত





খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর অফিসার্স এসোসিয়েশনের বার্ষিক কার্যনির্বাহী পরিষদ-২০২১ এর নির্বাচনে সভাপতি পদে প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ এবং সাধারণ সম্পাদক পদে প্রকৌশলী মোঃ রুহুল আমিন নির্বাচিত হয়েছেন। ২৯ নভেম্বর রবিবার সকাল ০৯টা থেকে দুপুর ০১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের গেস্ট হাউজ কাম ক্লাব ভবনে স্বাস্থ্যবিধি মেনে বার্ষিক কার্যনির্বাহী পরিষদ নির্বাচন-২০২১ অনুষ্ঠিত হয়। নির্বাচনে সহ-সভাপতি পদে প্রকৌশলী মোঃ মাহমুদুল হাসান, সহ-সাধারণ সম্পাদক পদে হীরামনি শাহীতাজ, সাংগঠনিক সম্পাদক পদে শেখ ওমর ফারুক, ট্রেজারার পদে শাহ্ মোঃ শহীদুল ইসলাম, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজকল্যাণ সম্পাদক পদে মোঃ শিহাব উদ্দীন, দপ্তর ও প্রচার সম্পাদক পদে মনোজ কুমার মজুমদার, সদস্য পদে মোঃ মাহবুবুর রহমান, মোঃ আসাদুজ্জামান ও মোঃ জাহাঙ্গীর হোসেন নির্বাচিত হন। নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন প্রকৌশলী প্রদীপ কুমার দাস এবং নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন নাহিদা সুলতানা ও দিলীপ কুমার ভদ্র।

## ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কমিটির সৌজন্য সাক্ষাৎ



*কুয়েট এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি-২০২১।

৩০ নভেম্বর সোমবার সকাল ১১ টায় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালীণ সময়ে অফিসার্স এসোসিয়েশনের সভাপতি প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, সহ-সভাপতি প্রকৌশলী মোঃ মাহমুদুল হাসান, সাধারণ সম্পাদক প্রকৌশলী মোঃ রুহুল আমিন, সহ-সাধারণ সম্পাদক হীরামনি শাহীতাজ, সাংগঠনিক সম্পাদক শেখ ওমর ফারুক, ট্রেজারার শাহ্ মোঃ শহীদুল ইসলাম, ক্রীড়া, সাংস্কৃতিক ও সমাজকল্যাণ সম্পাদক মোঃ শিহাব উদ্দীন, দপ্তর ও প্রচার সম্পাদক মনোজ কুমার মজুমদার, সদস্য মোঃ মাহবুবুর রহমান, মোঃ আসাদুজ্জামান ও মোঃ জাহাঙ্গীর হোসেন উপস্থিত ছিলেন।

এছাড়া দুপুর ১২ টায় অফিসার্স এসোসিয়েশনের নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি-২০২১ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসস্থ বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন।

# কুয়েটের ইইই বিভাগের প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



*কুয়েটের ইইই বিভাগের প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে স্মারক সম্মাননা প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এর চাকুরীর মেয়াদ পূর্ণ হওয়ায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে প্রশাসনিক ভবনের সভাকক্ষে ২১ সেপ্টেম্বর সোমবার সকাল সাড়ে ১০টায় অনুষ্ঠিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্যবৃন্দ, ডীনগণ, ইনস্টিটিউট পরিচালকগণ, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধানগণ, হল প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের প্রধানগণ উপস্থিত ছিলেন।

বিদায়ী প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এ সময় তার অনুভূতি ব্যক্ত করে বলেন, "শিক্ষকদের বেশী করে গবেষণা করতে হবে, এতে বিশ্ববিদ্যালয়ের অবস্থান উন্নত হবে"। তিনি আরো বলেন, "সবসময় বিশ্ববিদ্যালয়ের ভালোর জন্য নিষ্ঠার সাথে অর্পিত দায়িত্ব পালনের চেষ্টা করতে হবে"। সভাপতির বক্তৃতায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেন, "প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষ এর মত একজন দক্ষ শিক্ষক, স্পষ্ট ও যুক্তিবাদী মানুষের অনুপস্থিতি কুয়েট সবসময় কৃতজ্ঞচিত্তে স্মরণ করবে। তার সততা ও একনিষ্ঠতা অনুকরণীয়, তাকে অনুসরণ করলে বিশ্ববিদ্যালয় উপকৃত হবে"। এসময় বিদায়ী প্রফেসর ড. বাসুদেব চন্দ্র ঘোষকে ফুল ও স্মারক সম্মাননা দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং উত্তরীয় পরিয়ে দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, পরিচালক, আইআইসিটি প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, পরিচালক, আইইপিটি প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শাহজাহান আলী, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সরোয়ার, বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগের বিভাগীয় প্রধান মোঃ ইকরামুল হক, আর্কিটেকচার বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. কাজী হামিদুল বারী, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, ফজলুল হক হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী, পরিচালক (গবেষনা ও সম্প্রসারণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, পরিচালক (সিআরটিসি) প্রফেসর ড. মোঃ আব্দুর রফিক ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার।

# কুয়েটের কম্পট্রোলার মোঃ নূরুজ্জামান এর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত



*কুয়েটের বিদায়ী কম্পট্রোলার জনাব মোঃ নূরুজ্জামানকে স্মারক সম্মাননা প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) কম্পট্রোলার জনাব মোঃ নূরুজ্জামান এর চাকুরীর মেয়াদ পূর্ণ হওয়ায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে প্রশাসনিক ভবনের সভাকক্ষে ৩০ নভেম্বর সোমবার সকাল সাড়ে ১১টায় অনুষ্ঠিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডীনগণ, ইনস্টিটিউট পরিচালকগণ, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধানগণ, হল প্রভোস্টগণ, পরিচালকগণ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের প্রধানগণ উপস্থিত ছিলেন।

বিদায়ী কম্পট্রোলার জনাব মোঃ নূরুজ্জামান এ সময় তার অনুভূতি ব্যক্ত করে বলেন, "সবসময় আইনের মধ্যে থেকে নিষ্ঠার সাথে আমার উপর অর্পিত দায়িত্ব পালনের চেষ্টা করেছি"। সভাপতির বক্তৃতায় মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন বলেন, "মোঃ নূরুজ্জামান একজন সদালাপি ও মিশুক প্রকৃতির ব্যক্তি। তিনি একনিষ্টভাবে সততার সাথে দায়িত্ব পালন করেছেন, তাকে অনুসরণ করলে বিশ্ববিদ্যালয় উপকৃত হবে"। এসময় বিদায়ী কম্পট্রোলার জনাব মোঃ নূরুজ্জামানকে ফুল ও স্মারক সম্মাননা দিয়ে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং উত্তরীয় পরিয়ে দেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, পরিচালক, আইইপিটি প্রফেসর ড. এ এন এম মিজানুর রহমান, রেজিস্ট্রার জি এম শহিদুল আলম, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, মেটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, মানবিক বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. রাজিয়া খাতুন, ফজলুল হক হলের প্রভোস্ট প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ তৈয়েবুর রহমান, লাইব্রেরিয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠান ও প্রধান প্রকৌশলী এ বি এম মামুনুর রশিদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার।

এছাড়াও সোমবার সকালে প্রশাসনিক ভবনের সভাকক্ষে কম্পট্রোলার দপ্তরের আয়োজনে অনুষ্ঠিত বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।

## কুয়েটে আইসিএমআইইই আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত

(শেষ পৃষ্ঠার পর) ২০১০ সাল থেকে প্রতি দুই বছর পরপর সম্মেলনটি অনুষ্ঠিত হচ্ছে। এবারের সম্মেলনে অফিসিয়াল স্পন্সর বিআরবি গ্রুপ। এছাড়াও সহযোগিতা করেছেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা শিপইয়ার্ড, হ্যামকো গ্রুপ, সিনকস ইঞ্জিনিয়ারিং, ইয়ামাহা গ্রুপ, চায়না জিও ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন, আইএফএল গ্রুপ।

## '৯১ ব্যাচের শিক্ষার্থীদের পক্ষ থেকে কুয়েট শিক্ষার্থীদের জন্য সাহায্যের চেক হস্তান্তর



*কুয়েট এর মেধাবী গরীব শিক্ষার্থীদের মধ্যে প্রদানের জন্য '৯১ ব্যাচের শিক্ষার্থীদের পক্ষ থেকে মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর নিকট সাহায্যের চেক হস্তান্তর করা হয়।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২৫ জন মেধাবী গরীব শিক্ষার্থীদের মধ্যে প্রদানের জন্য বিশ্ববিদ্যালয়ের '৯১ ব্যাচের শিক্ষার্থীদের পক্ষ থেকে ১ লক্ষ পঞ্চাশ হাজার টাকা প্রদান করা হয়েছে। ০৯ সেপ্টেম্বর বুধবার দুপুরে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর নিকট '৯১ ব্যাচের পক্ষ থেকে চেক হস্তান্তর করেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ শাহজাহান আলী। এসময় পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. কাজী এবিএম মহীউদ্দিন, ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ উপস্থিত ছিলেন।

## কুয়েটে বৃক্ষ রোপন সপ্তাহ পালিত



*বৃক্ষ রোপন সপ্তাহের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এ বৃক্ষ রোপন সপ্তাহ পালিত হয়েছে। ২৭ জুলাই সোমবার সকাল সাড়ে ১১টায় বৃক্ষ উন্নয়ন কমিটির আয়োজনে 'দুর্বার বাংলা' প্রাঙ্গণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃক্ষ রোপন সপ্তাহের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। বৃক্ষ উন্নয়ন কমিটির সভাপতি ও লাইব্রেরিয়ান মোঃ আক্কাস উদ্দিন পাঠান এর সভাপতিত্বে এসময় বিশ্ববিদ্যালয়ের ডীনবৃন্দ, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধানগণ, পরিচালকগণ, প্রভোস্টবৃন্দ, দপ্তর প্রধানগণসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## কুয়েটের পক্ষ থেকে প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে অর্থ প্রদান



*মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে প্রদানের জন্য কুয়েটের পক্ষ থেকে খুলনার জেলা প্রশাসক মোহাম্মদ হেলাল হোসেন এর নিকট চেক হস্তান্তর করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার জি এম শহিদুল আলম।*

করোনা ভাইরাস মহামারির কারণে দেশের অতি দরিদ্র জনগোষ্ঠীর সাহায্যের জন্য খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীগণের একদিনের বেতনের সমপরিমাণ অর্থ মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিলে প্রদান করা হয়েছে।

২২ সেপ্টেম্বর মঙ্গলবার সকাল ১১টায় জেলা প্রশাসক, খুলনার কার্যালয়ে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন এর পক্ষে রেজিস্ট্রার জি এম শহিদুল আলম খুলনার জেলা প্রশাসক মোহাম্মদ হেলাল হোসেন এর নিকট ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকার চেক হস্তান্তর করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার ও জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## জনতা ব্যাংক এর পক্ষ থেকে কুয়েটে গাছের চারা প্রদান



*জনতা ব্যাংক লিঃ কুয়েট কর্পোরেট শাখার পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনের নিকট গাছের চারা হস্তান্তর করেন এজিএম মোঃ মফিজুল ইসলাম।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) ক্যাম্পাস্থ জনতা ব্যাংক লিমিটেড, কুয়েট কর্পোরেট শাখার উদ্যোগে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়কে উন্নত জাতের আম গাছের চারা প্রদান করা হয়। ৩১ আগস্ট সোমবার সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সম্মুখে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেনের হাতে গাছের চারা তুলে দেন ব্যাংকের এজিএম মোঃ মফিজুল ইসলাম। এসময় মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম, বৃক্ষ উন্নয়ন কমিটির সভাপতি ও লাইব্রেরিয়ান মোঃ আক্কাছ উদ্দিন পাঠানসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ব্যাংকের কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## গণিত বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেনের মৃত্যুতে ভাইস-চ্যান্সেলরের গভীর শোক প্রকাশ

*খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) এর গণিত বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেন (৫৮) ১৭ সেপ্টেম্বর বৃহস্পতিবার সকাল ০৮ টায় ফুলবাড়িগেটস্থ নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন কুয়েট এর মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। মৃত্যু সংবাদ শোনার পরই কুয়েট ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেনকে দেখতে ছুটে যান, তিনি প্রফেসর আরিফের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন। উল্লেখ্য, প্রফেসর ড. মোহাম্মদ আরিফ বেশ কিছুদিন যাবৎ দুরারোগ্য ক্যান্সারে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ ছেলে, ১ মেয়ে, আত্মীয়-স্বজনসহ অসংখ্য ছাত্র-ছাত্রী ও গুনগ্রাহী রেখে গেছেন। দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে জানাযা শেষে নগরীর গোয়ালখালী কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশন প্রফেসর ড. মোহাম্মদ আরিফ হোসেনের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।*

## মুজিব বর্ষ উপলক্ষে কুয়েট শিক্ষক সমিতির বৃক্ষ রোপন ও মৎস অবমুক্তকরণ কর্মসূচি পালিত




*কুয়েটের শিক্ষক সমিতির মুজিব বর্ষ উদ্‌যাপনের অংশ হিসেবে বৃক্ষরোপন ও মৎস অবমুক্তকরণ কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন।*

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষক সমিতির মুজিব বর্ষ উদ্‌যাপনের অংশ হিসেবে বৃক্ষরোপণ ও মৎস অবমুক্তকরণ কর্মসূচি পালিত হয়েছে। ২৫ আগস্ট মঙ্গলবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার সংলগ্ন লেকের পাড়ে বৃক্ষ রোপন ও মৎস অবমুক্তকরণ কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, শিক্ষক সমিতির মুজিব বর্ষ উদ্‌যাপন কমিটির সভাপতি প্রফেসর ড. সোবহান মিয়া, সদস্য-সচিব প্রতীক চন্দ্র বিশ্বাসসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## কুয়েটে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

(শেষ পৃষ্ঠার পর) কর্মচারী সমিতি (৩য় শ্রেণী), কর্মচারী সমিতি (৪র্থ শ্রেণী), মাস্টাররোল কর্মচারী সমিতি, খুলনা ইঞ্জিনিয়ারিং ইইনিভার্সিটি স্কুল ও গৌরব'৭১ পুষ্পমাল্য অর্পন করেন।

সকাল ১১ টায় শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের অংশগ্রহনে আলোচনা সভায় (অনলাইনে) প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. কাজী সাজ্জাদ হোসেন। এসময় তিঁনি বলেন, আমাদেরকে নিজ নিজ অবস্থান থেকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করতে হবে। মুক্তিযোদ্ধাদের স্বপ্নের বাংলাদেশ গড়তে পারলেই তাদের প্রতি সম্মান জানানো হবে। ভারপ্রাপ্ত পরিচালক (ছাত্র কল্যাণ) ড. ইসমাঈল সাইফুল্যাহ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আবু ইউসুফ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. কে এম আজহারুল হাসান, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোহাম্মদ আরিফুল ইসলাম ও রেজিস্ট্রার জি. এম. শহিদুল আলম। পাবলিক রিলেশনস অফিসার মনোজ কুমার মজুমদার এর সঞ্চালনায় অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী, সাধারণ সম্পাদক ড. মোঃ আব্দুল হাসিব, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. শিবেন্দ্র শেখর শিকদার, পরিচালক, আইআইসিটি প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. সোবহান মিয়া, গণিত বিভাগের প্রফেসর ড. মোঃ আলহাজ উদ্দীন, আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ মোস্তফা সরোয়ার, সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. পিন্টু চন্দ্র শীল, ড. এম এ রশীদ হলের প্রভোস্ট প্রফেসর ড. সজল কুমার অধিকারী, এমই বিভাগের সহকারী অধ্যাপক ড. মোঃ হেলাল-আন-নাহিয়ান, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক সেখ আক্কাস আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ড. মোঃ জুলফিকার হোসেন, নির্বাহী প্রকৌশলী হুসাইন মুহাম্মদ এরশাদ, কর্মকর্তা সমিতির (আপগ্রেডেশন) সভাপতি জি এম মনিরুজ্জামান। দিবসটি পালন উপলক্ষে বাদ আসর কেন্দ্রীয় জামে মসজিদে দোয়া অনুষ্ঠান এবং সন্ধ্যা সাড়ে ৬ টায় সাংস্কৃতিক অনুষ্ঠান (অনলাইনে) অনুষ্ঠিত হয়।

# বিভিন্ন কার্যালয়ে নতুন/পদোন্নতিপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তার দায়িত্ব গ্রহণ/যোগদান

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

### ইইই অনুষদের ডীন হিসাবে প্রফেসর ড. কে এম আজহারুল হাসান এর দায়িত্ব গ্রহণ



কুয়েট এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রফেসর ড. কে এম আজহারুল হাসান গত ১৪ আগস্ট ২০২০ইং তারিখে ইইই অনুষদের ডীন হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পরিচালক (আইকিউএসি) হিসেবে প্রফেসর ড. মোঃ আবু জাকির মোর্শেদ এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মোঃ আবু জাকির মোর্শেদ অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক (আইকিউএসি) হিসেবে গত ০১ অক্টোবর ২০২০ইং তারিখে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### পরিচালক, আইআইসিটি হিসেবে প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. মহিউদ্দিন আহমাদ অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচালক, আইআইসিটি হিসেবে গত ২১ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### আর্কিটেকচার বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. কাজী হামিদুল বারী এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগের প্রফেসর ড. কাজী হামিদুল বারী গত ২৩ আগস্ট ২০২০ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আর্কিটেকচার বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### ইইই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মোহাম্মদ সাইফুর রহমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ সাইফুর রহমান গত ১০ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### খানজাহান আলী হলের প্রভোস্ট হিসেবে প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগের প্রফেসর ড. মোঃ জহির উদ্দিন গত ০১ ডিসেম্বর ২০২০ইং তারিখে খানজাহান আলী হলের প্রভোস্ট হিসেবে পুনরায় দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### আইইএম বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের প্রফেসর ড. মিহির রঞ্জন হালদার গত ০১ অক্টোবর ২০২০ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের আইইএম বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### ফজলুল হক হলের প্রভোস্ট হিসেবে প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের গণিত বিভাগের প্রফেসর ড. মোঃ হাবিবুর রহমান গত ০১ ডিসেম্বর ২০২০ইং তারিখে ফজলুল হক হলের প্রভোস্ট হিসেবে পুনরায় দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### মানবিক বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. রাজিয়া খাতুন এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মানবিক বিভাগের প্রফেসর ড. রাজিয়া খাতুন গত ০১ অক্টোবর ২০২০ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### ড. এম. এ রশিদ হলের প্রভোস্ট হিসেবে প্রফেসর ড. সজল কুমার অধিকারী এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগের প্রফেসর ড. সজল কুমার অধিকারী গত ০১ ডিসেম্বর ২০২০ইং তারিখে ড. এম এ রশিদ হলের প্রভোস্ট হিসেবে পুনরায় দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### এমএসই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের প্রফেসর ড. পল্লব কুমার চৌধুরী গত ২২ নভেম্বর ২০২০ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (এমএসই) বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### চেয়ারম্যান (কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার) হিসেবে প্রফেসর ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের প্রফেসর ড. শেখ মোহাম্মদ মাসুদুল আহসান অত্র বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান (কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার) হিসেবে গত ১০ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### টিই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে ড. মোঃ আব্দুল হাসিব এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ আব্দুল হাসিব গত ২২ ডিসেম্বর ২০২০ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের টিই বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### চেয়ারম্যান (যানবাহন শাখা) হিসেবে প্রফেসর ড. জহির উদ্দিন আহাম্মদ এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (এমই) বিভাগের প্রফেসর ড. জহির উদ্দিন আহাম্মদ অত্র বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান (যানবাহন শাখা) হিসেবে গত ০১ অক্টোবর ২০২০ইং তারিখে দায়িত্ব গ্রহণ করেছেন। অধ্যাপনার পাশাপাশি তিনি ইতোঃপূর্বে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

### সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে জনাব আল-মাহ্‌মুদ এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের সহকারী অধ্যাপক জনাব আল-মাহ্‌মুদ অত্র বিশ্ববিদ্যালয়ের সহকারী পরিচালক (ছাত্র কল্যাণ) হিসেবে গত ২৬ জুলাই ২০২০ইং তারিখে দায়িত্ব গ্রহণ করেছেন।

### খানজাহান আলী হলের সহকারী প্রভোস্ট হিসেবে মোঃ মনিরুজ্জামান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই) বিভাগের প্রভাষক মোঃ মনিরুজ্জামান গত ১৬ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে খানজাহান আলী হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### ফজলুল হক হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব দেবাশীষ কুমার সাহা এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক জনাব দেবাশীষ কুমার সাহা গত ১৭ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে ফজলুল হক হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### লালন শাহ্‌ হলের সহকারী প্রভোস্ট হিসেবে ড. পারভেজ আহম্মেদ এর দায়িত্ব গ্রহণ




কুয়েটের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. পারভেজ আহম্মেদ গত ১৭ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে ফজলুল হক হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব মোঃ আরিফুল ইসলাম খন্দকার এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি) এর সহকারী অধ্যাপক জনাব মোঃ আরিফুল ইসলাম খন্দকার গত ১৭ সেপ্টেম্বর ২০২০ইং তারিখে অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব মোঃ অনিক হাসান এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের লেদার ইঞ্জিনিয়ারিং (এলই) বিভাগের প্রভাষক জানাব মোঃ অনিক হাসান গত ০১ নভেম্বর ২০২০ইং তারিখে অমর একুশে হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে জনাব মোঃ ফয়সাল এর দায়িত্ব গ্রহণ



কুয়েটের ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসিই) বিভাগের প্রভাষক জনাব মোঃ ফয়সাল গত ০২ নভেম্বর ২০২০ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন।

### মানবিক বিভাগে অধ্যাপক হিসেবে ড. মোহাম্মদ শাহিনুর আলম সরকার এর যোগদান



ড. মোহাম্মদ শাহিনুর আলম সরকার গত ১৭ ডিসেম্বর ২০২০ ইং তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেছেন। তিনি ২৭ জানুয়ারি ২০১৯ইং তারিখে সহযোগী অধ্যাপক, ০১ জানুয়ারি ২০১২ইং তারিখে সহকারী অধ্যাপক ও ০৮ জুলাই ২০০৭ইং তারিখে প্রভাষক হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের মানবিক বিভাগে যোগদান করেন।

